# 317824 - তার কুরবানীর পশুটি তার নির্দেশ ছাড়া জবাই করা হয়েছে

প্রশ্ন

আমি আমার বাবাকে জানিয়েছিলাম যে, ভীড়ের কারণে আমি কুরবানী ঈদের দ্বিতীয় দিন আমার পশুটি জবাই করব। কিন্তু ঈদের প্রথম দিন আমার ভাই এসে আমাদের বাসার দরজা নক করল এবং তার সাথে ছিল আমার জবাইকৃত কুরবানীর পশু। সে বলল যে, আমার বাবা অন্য পশুগুলোর সাথে সেটিও জবাই করার নির্দেশ দিয়েছেন। এমতাবস্থায় এই কুরবানীর হুকুম কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি কোন মুসলিম কুরবানী করার জন্য কোন একটি বকরীকে নির্দিষ্ট করে রাখে; এরপর তার অনুমতি ছাড়া অন্য কেউ সে পশুটি জবাই করে ফেলে তাহলে তার কুরবানী সহিহ; যদি কুরবানী করার সময়ের মধ্যে সেটি জবাই করা হয়। এক্ষেত্রে জবাইকারী ব্যক্তি পশুর মালিকের প্রতিনিধি গণ্য হবেন।

'আল-মাওসুআ' আল-ফিকহিয়্যা গ্রন্থে (৫/১০৫) এসেছে:

"ফিকাহবিদ আলেমগণ এই মর্মে একমত যে, কুরবানীর পশু জবাই করার ক্ষেত্রে প্রতিনিধিত্ব সঠিক; যদি সে প্রতিনিধি মুসলিম হন।"[সমাপ্ত]

প্রতিনিধিত্বের ক্ষেত্রে মূল বিধান হল মৌখিক অনুমতি। তবে যদি সমাজের প্রচলিত প্রথায় অনুমতি সাধিত হয় তাহলে সেটাও সঠিক হবে।

ইবনুল কাইয়্যেম (রহঃ) বলেন:

"শরিয়তের কায়দাগুলো এই মর্মে স্থিতিশীল যে, প্রচলিত প্রথার অনুমতি মৌখিক অনুমতির মত।"[মাদারিজুস সালিকীন (২/১০১৯)]

প্রচলিত প্রথা ও পরিস্থিতির দলিল নির্দেশ করছে যে, আপনি আপনার পক্ষ থেকে পশুটি জবাই করার ব্যাপারে আপনার পিতাকে প্রতিনিধি হওয়ার অনুমতি দিচ্ছেন। অতএব আপনার কুরবানী সঠিক।

আল-কুদুরী আল-হানাফি (রহঃ) বলেন:

“আমাদরে আলমেগণ বলনে: যদি কিউে অন্যরে কুরবানীর পশু তার অনুমতি ছাড়া জবাই করে তাহলে সটো মালকিরে কুরবানী হসিবেে যথষ্টে হবে এবং জবাইকারীকে এর ক্ষতপিূরণ দতিে হবে না।

শাফয়েী (রহঃ) বলনে: কুরবানী হসিবেে আদায় হয়ে যাব; তবে জবাইকারী জবাই করার মাধ্যমে পশুটরি যতটুকু মূল্য কমছেে ততটুকু ক্ষতপিূরণ দবিে এবং সটো মালকিরে পক্ষ থকেে সদকা করে দবি।

আমাদরে কথা হল: এটি এমন একটি জবাই যা কুরবানী হসিবেে যথষ্টে হয়ছে; সুতরাং এ জবাই-এর কারণে জবাইকারীকে ক্ষতপিূরণ দতিে হবে না...।

এবং যহেতেু অধকিাংশ ক্ষত্রেে মানুষ নজিরে পশু নজিে জবাই করে না। বরং অন্যকে দয়িে জবাই করায় এবং তাকে পারশ্রিমকি দয়ে। কনো কনো ক্ষত্রেে কুরবানীর পশু জবাই করাটা শরয়িতরে দৃষ্টতিে অবধারতি হয়ে যায়। সক্ষেত্রেে পশুর মালকি এতে রাজি থাকনে য, যে কউে তার এ কাজটি করে দবিে এবং তাকে পারশ্রিমকি দতিে হবে না। এভাবে এক্ষত্রেে প্রথার ভত্তিতিে জবাইকারী অনুমতপি্রাপ্ত হয়ে গলেনে। আর প্রথার মাধ্যমে অনুমতি দয়ো মৌখকিভাবে অনুমতি দয়োর মত।”[আল-তাজরীদ (১২/৬৩৪১)]

আবু আব্দুল্লাহ্ আল-খরিাশী আল-মালকিী (রহঃ) বলনে:

“প্রতনিধিি নযিুক্তকরণ এটি মৌখকিভাবে যমেন হতে পারে তমেনি প্রচলতি অভ্যাসরে মাধ্যমওে হতে পারে এবং তখন তা মৌখকিরে স্থলাভষিক্তি হব। কন্তিু জবাইকারী বা উট নহরকারী যদি কুরবানীকারীর নকিটাত্মীয় কউে হন এবং তার নকিট আত্মীয়রে কাজগুলো যদি সে করার অভ্যাস থকেে থাকে এবং ঐ ব্যক্তি তার আত্মীয়রে পশুটি জবাই বা নহর করে থাকে তাহলে মশহুর মতানুযায়ী সটেি পশুর মালকিরে পক্ষ থকেে কুরবানী হসিবেে যথষ্টে হব।”[শারহু মুখতাছারি খাললি (৩/৪৩)]

ইমাম নববী আশ্-শাফয়েি (রহঃ) বলনে:

“যদি কিনো অচনো ব্যক্তি কুরবানী করার সময়রে মধ্যে কনো নর্দিষ্টি একটি কুরবানীর পশু জবাই করে ফলেে কংিবা হাদরি পশু জবাই-এর স্থানে পৌঁছার পর জবাই করে ফলে; তাহলে প্রসদ্ধি মতানুযায়ী সটেি আদায় হয়ে যাব...।

কনেনা সটেি জবাই করার জন্য নয়িতরে প্রয়োজন নইে। তাই অপর কউে যদি সটেি করে ফলেে তাহলে তা আদায় হয়ে যাব; নাপাকি নষ্কিাশনরে ন্যায়।”[রাওযাতুত ত্বালবিীন (৩/২১৪) থকেে সমাপ্ত]

আল-মরিদাওয়ি আল-হাম্বলি (রহঃ) বলনে:

“যদি কিনো জবাইকারী অনুমতি ছাড়া সময়সীমার মধ্যে জবাই করে ফলেে তাহলে সটো আদায় হয়ে যাব। জবাইকারীর ওপর ক্ষতপিূরণ বর্তাবে না।

যদি মালকি ছাড়া অন্য কউে জবাই করে তাহলে হয়তো জবাইকারী মালকিরে পক্ষ থকেে জবাই করার নয়িত করবে; নয়তো সাধারণ নয়িত করবে, কংিবা নজিরে পক্ষ থকেে জবাই করার নয়িত করবে। যদি মালকিরে পক্ষ থকেে নয়িত করে তাহলে সটো আদায় হয়ে যাবে এবং জবাইকারীর ওপর কোন ক্ষতপিূরণ বর্তাবে না। এটাই মাযহাবরে অভমিত এবং মাযহাবরে আলমেগণ এ অভমিতরে উপর বলবৎ আছনে এবং ‘আল-ফুরু’ ও অন্যান্য কতিাবে এই মতটকিে নশ্চিতি করা হয়ছে।”[আল-ইনসাফ (৯/৩৮৯) থকেে সমাপ্ত]

আল্লাহ্ই সর্বজ্ঞ।